


EYE CARE PROGRAM
Manabik Shahajya Sangstha
আই কেয়ার প্রোগ্রাম

# ইসিপি বার্তা






## সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের বিনামূল্যে চক্ষু সেবা ও চশমা প্রদান

মানবিক সাহায্য সংস্থা রাজধানীর মধ্যবাড্ডা ও গাবতলীতে অবস্থিত গুলশান লিটারেসি প্রোগ্রাম স্কুলের সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের দুইদিনব্যাপী বিনামূল্যে চক্ষু সেবা প্রদান ও চশমা বিতরণ করেছে। এমএসএস আই কেয়ার প্রোগ্রামের উদ্যোগে মোট ২৭ জন শিক্ষার্থীকে বিনামূল্যে চশমা দেওয়া হয়।

এর আগে গত ১০ সেপ্টেম্বর ও ১১ সেপ্টেম্বর রোটারি ক্লাব ঢাকা ওয়েস্ট ও থ্রাইভ ইন্টারন্যাশনালের উদ্যোগে গুলশান লিটারেসি প্রোগ্রাম স্কুলের দুই শাখায় দিনব্যাপী স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম আয়োজন করে এমএসএস এর আই কেয়ার পোগ্রাম। চার দিনব্যাপী এই কর্মসূচিতে শিক্ষার্থী ও শিক্ষক-কর্মচারীসহ মোট ৩৫৬ জন চোখের পরীক্ষা করানো হয়। এর মধ্যে ৩২ জনকে বিনামূল্যে ওষুধ, ২৭ জনকে চশমা দেওয়া হয় এবং ১৩ জন শিক্ষার্থীকে উন্নত চিকিৎসার জন্য রেফার করা হয়।

আই কেয়ার প্রোগ্রাম, মানবিক সাহায্য সংস্থা দ্বারা পরিচালিত একটি অ-লাভজনক সংস্থা, যা ২০১৪ সালে প্রতিষ্ঠিত হয়। আই কেয়ার প্রোগ্রাম জুলাই ২০১৪ থেকে জানুয়ারি ২০২৫ পর্যন্ত দেশের প্রত্যন্ত অঞ্চলে সর্বমোট ৬৩৩টি চক্ষুশিবির বাস্তবায়ন করেছে। এ পর্যন্ত মোট ২ লাখ ২৪ হাজার ৭৯৭ জনকে বিনামূল্যে চক্ষুসেবাসহ ২১ হাজার ৬৬৫ জনের চোখে সার্জারি সম্পন্ন করেছে ।

## উত্তরবঙ্গে ১,০৯৫ জন দরিদ্র রোগীকে বিনামূল্যে চক্ষুসেবা প্রদান

আই কেয়ার প্রোগ্রামের উদ্যোগে সেপ্টেম্বর মাসব্যাপী বিভিন্ন আই ক্যাম্পে মোট ১১৮০ জন প্রান্তিক রোগীকে বিনামূল্যে চক্ষুসেবা প্রদান করা হয়েছে। পঞ্চগড়, ঠাকুরগাঁও, নীলফামারী ও রংপুরের বিভিন্ন স্থানে এই আই ক্যাম্পগুলো অনুষ্ঠিত হয়েছে।

এই আই ক্যাম্পগুলোর মাধ্যমে ২৬৪ জন দরিদ্র রোগীর ছানি অপারেশন সফলভাবে সম্পন্ন করা হয় ও ২৯১ জন রোগীকে চশমা প্রদান করা হয়েছে।

এই চক্ষুসেবা কার্যক্রমের পাশাপাশি সেবাপ্রার্থী ও শিক্ষার্থীদেও চোখের সুরক্ষা ও যত্ন নেওয়ার বিষয়ে বিস্তারিত নির্দেশনা ও পরামর্শ দেওয়া হয়। সেবাপ্রার্থীরা বিশেষভাবে প্রশংসা করেন যে তারা বিনামূল্যে চোখের সেবা, ঔষুধ ও চশমা পেয়েছেন এবং কর্মীদের আন্তরিকতায় তারা সন্তুষ্ট। আই কেয়ার প্রোগ্রামের সার্বিক সহযোগিতায় রংপুর হাসপাতাল ও সেফ হাসপাতাল উল্লেখযোগ্য ভুমিকা রেখেছে।







## পোশাক শ্রমিকদের চক্ষু সুরক্ষায় ইন্ডাস্ট্রিয়াল সাইট টেস্টিং প্রোগ্রাম

১৫ই সেপ্টেম্বর ২০২৫ তারিখে আই কেয়ার প্রোগ্রাম (এমএসএস) নর্দান ফ্যাশন লিমিটেড, গাজীপুরের পোশাকশিল্প কারখানায় ১১তম ইন্ডাস্ট্রিয়াল সাইট টেস্টিং প্রোগ্রাম আয়োজন করে। এ উদ্যোগ এর মাধ্যমে নর্দান ফ্যাশন লিমিটেডের ১৪২ জন স্টাফ ও শ্রমিকের চোখের পরীক্ষা করানো হয় এবং তাদের মাঝে ৫০টি রিডিং চশমা ও ৯২টি কাস্টমাইজড চশমা প্রদান করা হয়। এই প্রোগ্রামের মাধ্যমে চক্ষু বিশেষজ্ঞগণ চোখের যত্ন ও আধুনিক পরীক্ষার মাধ্যমে গার্মেন্টস শ্রমিকদের মধ্যে চোখের স্বাস্থ্য এবং প্রেসবায়োপিয়া এর মতো চক্ষু সমস্যা সম্পর্কে সচেতনতা বাড়িয়েছেন। নর্দান গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক জনাব সাঈদ হাসান বলেন, "আমাদের কর্মীদের স্বাস্থ্য আমাদের সকল অগ্রাধিকারের ঊর্ধ্বে । এ ধরনের উদ্যোগ থেকে শ্রমিকেরা উপকার পাচ্ছে এবং তাদের কর্মদক্ষতা বাড়ছে।"

MSS
Working for the People
প্রকাশনায়ঃ মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট- মানবিক সাহায্য সংস্থা
মোবাইলঃ ০১৭৩০০২৪০৩৩ ইমেইলঃ eyecareprogram.mss@gmail.com
Eye Care Program-MSS www.mssbd.org/our-program/eye-care-program Eye Care Program MSS